বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ফোন ঃ ০২-৯৫৫১৬৩০
ফ্যাক্স ঃ ০২-৯৫৬১২১১

রুরাল এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ

নং প্রকা/রুমাবি-১৯৯(অংশ-২)/২০১৮-২০১৯/৬৯০ তারিখ ঃ ০৯-১২-২০১৮ খ্রিঃ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল(দঃ)/ টাঙ্গাইল(উঃ)/কিশোরগঞ্জ/শেরপুর/ জামালপুর/কুমিল্লা/লাকসাম/চাঁদপুর/ নোয়াখালী/ ফেনী/লক্ষীপুর/ চট্টগ্রাম (পূর্ব)/চট্টগ্রাম (পশ্চিম) /পটিয়া/কক্সবাজার/ মাদারীপুর/গোপালগঞ্জ/ বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ভোলা/ পটুয়াখালী /বরগুনা /বাগেরহাট/ ঝিনাইদহ/ মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা ও মৌলভী বাজার অঞ্চল।
শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বিষয় ঃ স্বনির্ভর বাংলাদেশ এর সুপারিশে স্বনির্ভর কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ আদায় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের স্বনির্ভর কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ অর্থ খেলাপী হয়ে পড়ায় BKB Risk Management Unit কমিটির অক্টোবর/২০১৮ ইং মাসের সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

> "স্বনির্ভর বাংলাদেশ এর সুপারিশে স্বনির্ভর কর্মসূচীর আওতায় গ্রাহকদের অনুকূলে বিতরণকৃত ঋণ আসলের সমপরিমান হলে নবায়ন করা যেতে পারে কিন্তু নতুন ঋণ বিতরণকে নিরুৎসাহিত করা যেতে পারে। অন্যান্য ঋণের মতই ব্যাংকের জনবলকে কাজে লাগিয়ে ঋণ আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত রাখা এবং যে সকল শাখায় স্বনির্ভর কর্মী আছে সে সকল শাখাকে স্বনির্ভর কর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ হতে না পারে সে বিষয়ে বিশেষ নজর দিতে হবে।"

০৩। এমতাবস্থায় বিকেবি, BKB Risk Management Unit কমিটির অক্টোবর/২০১৮ইং মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক স্বনির্ভর ঋণ বিতরণ, ঋণ আদায় এবং স্বনির্ভর মাঠকর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ না হয় সে এ সংক্রান্ত নির্দেশনার বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য বিশেষভাবে আপনাদিগকে পুনরায় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

৯/১২/১৮
(শাহাব উদ্দিন আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৩) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।